গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
সরকারি কার্যভবন-২ (৩য় তলা), আগ্রাবাদ, চট্টগ্রাম
www.taxeszone3ctg.gov.bd

নথি নংঃ মা.রা.স/আসা/কঅ-৩/২০২৫-২০২৬/

তারিখঃ ১০ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
২৪ জুন, ২০২৬ খ্রিস্টাব্দ

## রাজস্ব সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভা | : | মে/২০২৬ মাসের মাসিক রাজস্ব সভা |
| তারিখ | : | ১৬ জুন, ২০২৬ খ্রি. মঙ্গলবার |
| স্থান | : | সম্মেলন কক্ষ-সম্প্রীতি, কর অঞ্চল-৩, চট্টগ্রাম |
| অংশগ্রহণকারী | : | কর অঞ্চল-৩, চট্টগ্রামের সকল কর্মকর্তা ও কর পরিদর্শকবৃন্দ |
| সভাপতি | : | জনাব মোঃ শাহীন আক্তার হোসেন<br>কর কমিশনার<br>কর অঞ্চল-৩, চট্টগ্রাম |

কর অঞ্চল-৩, চট্টগ্রামের সম্মানিত কর কমিশনার মোঃ শাহীন আক্তার হোসেন এর সভাপতিত্বে এ কর অঞ্চলের অতিরিক্ত কর কমিশনার, যুগ্ম কর কমিশনার, উপ কর কমিশনার, সহকারী কর কমিশনার, অতিরিক্ত সহকারী কর কমিশনার ও কর পরিদর্শকবৃন্দের উপস্থিতিতে সকাল ১১.০০ ঘটিকায় মাসিক রাজস্ব সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতেই সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। উপ কর কমিশনার, সদর দপ্তর প্রশাসন, সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

সভায় সম্মানিত কর কমিশনার সার্কেল কর্মকর্তা এবং কর পরিদর্শকদের সাথে সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা করেন এবং রাজস্ব আদায়ের কর্মপরিকল্পনা বিষয়ে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেন। এ সময় পরিদর্শী রেঞ্জ কর্মকর্তা, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শকগণ আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচ্য বিষয় ও সিদ্ধান্তঃ | দায়িত্বপ্রাপ্ত/বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১. | **লক্ষ্যমাত্রা ও আদায় কার্যক্রম সংক্রান্তঃ**<br>ক. ২০২৫-২০২৬ অর্থবছরের মে'২৬ মাস পর্যন্ত লক্ষ্যমাত্রা ৩৮৫৪.০৮ কোটি টাকার বিপরীতে আদায় হয়েছে ২৫৩৬.০৭ কোটি টাকা। বিগত অর্থ বছরে এ সময়ে আদায় ছিলো ২১৯৯.৯ কোটি টাকা। লক্ষ্যমাত্রা আদায়ে প্রবৃদ্ধির হার ১৫.২৮%।<br>খ. যেসকল সার্কেলে প্রবৃদ্ধি অর্জনে সক্ষম হয়নি তাদেরকে লক্ষ্যমাত্রা পূরনের জন্য প্রয়োজনীয় ও কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ. অর্থ বছরের দ্বারপ্রান্তে রাজস্ব লক্ষ্যমাত্রা আদায়/প্রবৃদ্ধি অর্জনে সকল কর্মকর্তা ও কর্মচারীর সক্রিয় ভূমিকা নিশ্চিত করতে হবে। | সকল পরিদর্শী রেঞ্জ, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক |
| ২. | **অডিট মামলা নিষ্পত্তি সংক্রান্তঃ**<br>ক. অনিষ্পন্ন সকল অডিট মামলা জাতীয় রাজস্ব বোর্ড এর নির্দেশনা অনুযায়ী দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>খ. মামলা নিষ্পত্তির ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.০২৭.১৬.০০৩.২৪(অংশ-১০)/১৯২, তারিখ: ০৫/০৫/২০২৬খ্রি. এর মাধ্যমে জারীকৃত অফিস আদেশে প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন করতে হবে। | সকল পরিদর্শী রেঞ্জ ও সার্কেল কর্মকর্তা |
| ৩. | **CIC, আয়কর গোয়েন্দা, কর পরিদর্শন পরিদপ্তর ও IIC সংশ্লিষ্ট মামলা নিষ্পত্তি সংক্রান্তঃ**<br>ক. যে সব আয়কর মামলায় CIC, আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট এবং কর পরিদর্শন পরিদপ্তরের নির্দেশনা রয়েছে সে সব মামলার ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দিতে হবে।<br>খ. যে সকল মামলার ক্ষেত্রে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী ২১২ ধারার কার্যক্রম গ্রহণের সময়সীমা ৩০ জুন, ২০২৬খ্রি. তারিখ পর্যন্ত, সে সকল মামলায় দ্রুত ২১২ ধারা কার্যক্রম গ্রহণ করে করদাতা বরাবর নোটিশ জারী করতে হবে।<br>গ. ২১২ ধারার কার্যক্রম গ্রহণ সংক্রান্ত রিপোর্ট সংশ্লিষ্ট দপ্তরে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।<br>ঘ. অত্র কর অঞ্চলের IIC এর অন্তর্ভুক্তির জন্য রাজস্ব সম্ভাবনাময় নথি বাছাই করে সংশ্লিষ্ট পরিদর্শী রেঞ্জ বরাবর প্রেরণ করতে হবে। | সকল পরিদর্শী রেঞ্জ ও সার্কেল কর্মকর্তা |
| ৪. | **চলতি ও বকেয়া দাবী আদায় সংক্রান্তঃ**<br>ক. অডিট মামলা ও ২১২ ধারার মামলা নিষ্পত্তি এবং রিটার্ন প্রসেস সম্পন্নকরণের মাধ্যমে চলতি দাবী সৃষ্টি ও আদায়ের ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দিতে হবে।<br>খ. অবিতর্কিত বকেয়া আয়কর আদায়ের জন্য করদাতার সাথে সরাসরি বা টেলিফোনিক যোগাযোগ বৃদ্ধি করতে হবে।<br>গ. ব্যাংক জব্দের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। যে সকল মামলায় ব্যাংক জব্দ করা হয়েছে তা যাছাই বাছাই করে বকেয়া আয়করের সমপরিমাণ অর্থ আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল পরিদর্শী রেঞ্জ, সার্কেল কর্মকর্তা ও উপ কর কমিশনার, সদর দপ্তর টেকনিক্যাল |

| | | |
|---|---|---|
| ৫. | ১৪৭ ধারার কার্যক্রম সংক্রান্তঃ<br>ক. আয়কর আইন, ২০২৩ এর ১৪৭ ধারার কার্যক্রম গ্রহণের মাধ্যমে প্রতিষ্ঠানসমূহের উৎস কর কর্তনের সঠিকতা যাচাই করতে হবে এবং যথাযথভাবে উৎস কর কর্তন আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ. ১৪৭ ধারায় কার্যক্রমের মাধ্যমে সৃষ্ট অনাদায়ী দাবী আদায়ের জন্য করদাতা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে দাবী আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল পরিদর্শী রেঞ্জ, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক |
| ৬. | অগ্রীম আয়কর সংক্রান্তঃ<br>ক. আয়কর আইন, ২০২৩ এর ১৫৪ ধারায় অগ্রীম কর পরিশোধের জন্য যে সকল করদাতাকে পত্র প্রেরণ করা হয়েছে তাঁদের সাথে বা অগ্রীম আয়কর পরিশোধযোগ্য করদাতার সাথে সরাসরি বা মোবাইলে যোগাযোগ করে অগ্রীম আয়কর আদায়ে সর্ব্বাত্মিক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>খ. আইনানুগ কারণ ব্যতীত অগ্রিম কর পরিশোধ না করলে সংশ্লিষ্ট করদাতার উপর জরিমানা আরোপ করতে হবে। | সকল পরিদর্শী রেঞ্জ, সার্কেল কর্মকর্তা ও কর পরিদর্শক |
| ৭ | নথি বদলি সংক্রান্তঃ<br>ক. অত্র কর অঞ্চলে নতুন অধিক্ষেত্র আদেশ অনুযায়ী যে সকল সার্কেল হতে এখনো নথি বদলি সম্পন্ন হয়নি সে সকল সার্কেল হতে জরুরী ভিত্তিতে দ্রুত নথি বদলির ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | সকল সার্কেল কর্মকর্তা |
| ৮. | বিবিধঃ<br>ক. জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণের নিমিত্ত এবং কর কমিশনার কার্যলিয় হতে চাহিত সকল রিপোর্ট/প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়।<br>খ. কর্মস্থলে নিয়মিত উপস্থিতি সংক্রান্ত অফিস আদেশ যথাযথভাবে পরিপালন বা অনুসরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | সকল পরিদর্শী রেঞ্জ ও সার্কেল কর্মকর্তা |

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল কর্মকর্তার সুস্বাস্থ্য কামনা করে ও সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শাহীন আক্তার হোসেন)
কর কমিশনার
কর অঞ্চল-৩, চট্টগ্রাম
ফোনঃ ০২৩৩৩৩২৫৮৯৭

নথি নংঃ মা.রা.স/আসা/কঅ-৩/২০২৫-২০২৬/ ৬০১৯(১-৪)

তারিখঃ ১০ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
২৪ জুন ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। সদস্য (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা ও মনিটরিং সদস্য, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।.....সদয় জ্ঞাতার্থে।
২। অতিরিক্ত/যুগ্ম কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-১/২/৩/৪, কর অঞ্চল-৩, চট্টগ্রাম।
৩। উপ/সহঃ/অতিঃ সহঃ কর কমিশনার, কর অঞ্চল-৩, চট্টগ্রাম। } .... সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।
৪। অফিস কপি।

24/6/26

(আওরঙ্গজেব খান)
উপকর কমিশনার
সদর দপ্তর টেকনিক্যাল
কর অঞ্চল-৩, চট্টগ্রাম